

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ: ১৮ কার্তিক ১৪৩১/০৩ নভেম্বর ২০২৪

নং ০৮.০০.০০০০.০৪১.২২.০০৭.২০.৩৫—সরকার জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'জাতীয় সঞ্চয় স্কিম' এর বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করিল:

- ১। জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'জাতীয় সঞ্চয় স্কিম' এর আওতাভুক্ত ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডের ন্যায় 'ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড' এ বিনিয়োগের উর্ধ্বসীমা প্রত্যাহার করা হইল।
- ২। জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক পরিচালিত নিম্নোক্ত 'জাতীয় সঞ্চয় স্কিম' এর ক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ সুবিধা চালু করা হইল:
 - (ক) ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র, পরিবার সঞ্চয়পত্র, পেনশনার সঞ্চয়পত্র, ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর ক্ষেত্রে শুধুমাত্র মূল বিনিয়োগকৃত অর্থ স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ সুবিধা পাইবে;
 - (খ) ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র এবং ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদী হিসাব এর ক্ষেত্রে মুনাফাসহ মূল বিনিয়োগকৃত অর্থ পুনঃবিনিয়োগ সুবিধা পাইবে;

(২৮৪৪৩)

মূল্য : টাকা ৪.০০

- (গ) ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডের ক্ষেত্রে একবার প্রাপ্ত রেমিট্যান্স এর অর্থ দ্বারা ১ (এক) মেয়াদে বিনিয়োগ ও পরপর সর্বোচ্চ ২ (দুই) মেয়াদের জন্য পুনঃবিনিয়োগ সুবিধা প্রদান করা যাইবে; এবং ইউএস ডলার প্রিমিয়াম বন্ড ও ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর ক্ষেত্রে একবার প্রাপ্ত রেমিট্যান্স এর অর্থ দ্বারা ১ (এক) মেয়াদে বিনিয়োগ ও পরপর সর্বোচ্চ ৪ (চার) মেয়াদের জন্য পুনঃবিনিয়োগ সুবিধা প্রদান করা যাইবে;
- (ঘ) ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড; ইউএস ডলার প্রিমিয়াম বন্ড; এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডে বিনিয়োগ ও পুনঃবিনিয়োগের মেয়াদ উত্তীর্ণ হইবার পর পুনরায় বিনিয়োগ করিতে হইলে নতুন করিয়া রেমিট্যান্স আনিয়া সম্পূর্ণ নতুনভাবে বিনিয়োগ করিতে পারিবেন;
- (ঙ) জাতীয় সঞ্চয় স্কিমে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ক্ষেত্রে, পুনঃবিনিয়োগের তারিখ হইতে বিনিয়োগের উর্ধ্বসীমা প্রযোজ্য হইবে।
- ৩। বিদেশী মালিকানাধীন শিপিং বা এয়ারওয়েজ কোম্পানির বিদেশস্থ অফিসে চাকুরীরত অনিবাসী বাংলাদেশী মেরিনার, পাইলট ও কেবিনক্রুদের নিজ নামে বাংলাদেশে কোনো তফসিলী ব্যাংকের অথোরাইজড ডিলার (এডি) শাখায় বৈদেশিক মুদ্রা (এফসি) হিসাব থাকিলে, উক্ত এফসি একাউন্টে প্রাপ্ত রেমিটেন্স দ্বারা 'ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড' এ বিনিয়োগ করার সুযোগ পাইবে।
- ৪। 'পেনশনার সঞ্চয়পত্র' এ বিদ্যমান ত্রৈমাসিক ভিত্তিতে মুনাফা প্রদানের পরিবর্তে মাসিকভিত্তিতে মুনাফা প্রদান করা হইবে।
- ৫। এই আদেশ ০১ ডিসেম্বর, ২০২৪ তারিখ হইতে কার্যকর হইবে।
- ৬। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মকিমা বেগম
উপসচিব।